

তারিখ
পৃষ্ঠা
কলাম

রাজশাহী মেডিকেল ছাত্রদের দুর্ভ্রুপ মুখোমুখি, আরো একটি অস্ত্র উদ্ধার

রাজশাহী প্রতিনিধি : রাজশাহী মেডিকেল কলেজ থেকে ২৪ ঘণ্টার ব্যবধানে আরো একটি আশ্চর্য উদ্ধার করা হয়েছে। গত দুদিনে মেডিকেল ক্যাম্পাস থেকে এ নিয়ে উদ্ধারকৃত আশ্চর্যের সংখ্যা দাঁড়ালো মোট ৬-এ।

এদিকে গত সোমবার গভীর রাতের সংঘর্ষের পর থেকে ছাত্রদের দুর্ভ্রুপ বর্তমানে মুখোমুখি অবস্থানে রয়েছে। তবে ক্যাম্পাসে অতিরিক্ত পুলিশ মোতায়েন থাকায় পরিস্থিতির অবনতি হয়নি।

মেডিকেল কলেজ ও পুলিশ সূত্রে জানা যায়, গোপন সূত্রে খবর পেয়ে রাজশাহী সিটি এসবির একদল পুলিশ দুপুর ১১টার দিকে সোনামা একটি সটিরগান উদ্ধার করে। মেডিকেলের শিকু হোস্টেলের একটি বাথরুম থেকে পরিত্যক্ত অবস্থায় অস্ত্রটি উদ্ধার করা হয়। এর আগে গত সোমবার গভীর রাতে ছাত্রদের দুর্ভ্রুপের মধ্যে সংঘর্ষের পর মঙ্গলবার সকালে পাঁচটি আশ্চর্য উদ্ধার করা হয়েছিল।

এদিকে গত সোমবারের সংঘর্ষের পর থেকে রাজশাহী মেডিকেল ক্যাম্পাসে ছাত্রদের দুর্ভ্রুপ মুখোমুখি অবস্থানে রয়েছে। রাজশাহী মহানগর ছাত্রদের কোনো কোনো নেতা দুর্ভ্রুপে ভাগ হয়ে বিদ্যমান উভয় গ্রুপকে মদদ জোগাচ্ছে বলেও অভিযোগ পাওয়া গেছে।

সবমিলিয়ে মেডিকেল ক্যাম্পাসে ধর্মঘমে পরিস্থিতি বজায় রয়েছে। সে কোনো সময় পুনরায় সংঘর্ষের আশঙ্কায় সাধারণ ছাত্ররা হোস্টেল ত্যাগ করে চলে যাচ্ছে। ক্যাম্পাসের এ ধরনের পরিস্থিতিতেও কর্তৃপক্ষ কোনো উদ্যোগ গ্রহণ না করায় সাধারণ ছাত্রছাত্রীরা ক্ষোভ প্রকাশ করেছে।